গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-৯৩/২০১৯-২০২০
ঢাকা, ৩০ অক্টোবর বুধবার ২০১৯, ১৪ কার্তিক ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। জনগণকে অধিকার সম্পর্কে সচেতন করুন : মানবাধিকার কমিশনকে রাষ্ট্রপতি
২। পরমাণু বিদ্যুৎকেন্দ্রে নিরাপত্তা তদারকিসহ ১০ প্রকল্প একনেকে অনুমোদন
দক্ষিণাঞ্চলে আরো একটি পারমানবিক বিদ্যুৎকেন্দ্র হবে : প্রধানমন্ত্রী
৩। অপরাধ করে কেউ পার পাবে না : সংবাদসম্মেলনে প্রধানমন্ত্রী
৪। ম্যাচ ফিক্সিংয়ের প্রস্তাবের তথ্য গোপন করায় সাকিবকে দুই বছর নিষিদ্ধ করল আইসিসি :
২০২০ সালের ২৯ অক্টোবর থেকে খেলতে পারবেন সাকিব
৫। সাকিবকে সব সহযোগিতা দেয়া হবে : প্রধানমন্ত্রী
৬। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ইতালি সফরে প্রধানমন্ত্রী কন্টের আমন্ত্রণ
৭। ভিয়েতনামের রাষ্ট্রদূতের বিদায়ী সাক্ষাৎ : রোহিঙ্গা ফেরাতে সহযোগিতা চাইলেন স্পিকার
৮। রোহিঙ্গা সংকট নিরসনে মিয়ানমারের ওপর জোরালো চাপ সৃষ্টির আহ্বান পররাষ্ট্রমন্ত্রীর
৯। রোহিঙ্গাদের পুনর্বাসনে প্রস্তুত ভাসানচর : প্রতিরক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভায় তথ্য প্রকাশ
১০। ডিজিটাল বাংলাদেশ নির্মাণে ভূমিকা রাখছে বেতার : রেডিও এশিয়া সম্মেলন উদ্বোধনে তথ্যমন্ত্রী
১১। সর্বোচ্চ ফল জিপিএ ৪ আগামী বছর থেকে : শিক্ষামন্ত্রী
জেএসসি পরীক্ষা শুরু আগামী শনিবার
১২। গ্রামে চিকিৎসা দেয়ার মানসিকতা থাকতে হবে : চিকিৎসকদের প্রতি স্বাস্থ্যমন্ত্রী
১৩। টেলিযোগাযোগ মন্ত্রীর সঙ্গে রাশিয়ার প্রতিনিধিদলের সাক্ষাৎ :
বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ উৎক্ষেপণে সহযোগিতা করতে চায় মস্কো
১৪। ১০ নভেম্বর পবিত্র ঈদে মিলাদুন্নবি

**১। জনগণকে অধিকার সম্পর্কে সচেতন করুন : মানবাধিকার কমিশনকে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ দেশে যে কোনো ধরনের মানবাধিকার লঙ্ঘনের বিরুদ্ধে তাৎক্ষণিক এবং কার্যকর ব্যবস্থা নিতে জাতীয় মানবাধিকার কমিশনের (এনএইচআরসি) প্রতি নির্দেশনা দিয়েছেন। গতকাল (২৯ অক্টোবর মঙ্গলবার) বঙ্গভবনে চেয়ারম্যান নাসিমা বেগমের নেতৃত্বে এনএইচআরসির ছয় সদস্যের প্রতিনিধিদল সৌজন্য সাক্ষাতে গেলে রাষ্ট্রপতি এ নির্দেশনা দেন। সাধারণ মানুষ যাতে নিজেদের অধিকার সম্পর্কে সচেতন হতে পারে এবং প্রয়োজনে কমিশনের কাছ থেকে সহায়তা পেতে পারে সে লক্ষ্যে তৃণমূল পর্যায়ে এনএইচআরসির সামগ্রিক কার্যক্রম জোরদারের পরামর্শও দেন রাষ্ট্রপতি। সূত্র **: সমকাল** (পৃ.২,ক.১**), বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫)।

**২। পরমাণু বিদ্যুৎকেন্দ্রে নিরাপত্তা তদারকিসহ ১০ প্রকল্প একনেকে অনুমোদন**
**দক্ষিণাঞ্চলে আরো একটি পারমানবিক বিদ্যুৎকেন্দ্র হবে : প্রধানমন্ত্রী**

রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের নিরাপত্তা তদারকির লক্ষ্যে নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিউক্লিয়ার রেগুলেটরি অবকাঠামো উন্নয়ন প্রকল্পসহ ১০ প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। গতকাল (২৯ অক্টোবর মঙ্গলবার) শেরেবাংলানগর এনইসি সম্মেলনকক্ষে প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক বৈঠক শেষে আয়োজিত সংবাদসম্মেলনে পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান প্রকল্পগুলোর বিষয়ে বিস্তারিত তুলে ধরেন। মন্ত্রী বলেন, চলতি বছর থেকে ২০২৫ সালের মধ্যে নিউক্লিয়ার রেগুলেটরি অবকাঠামো উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করবে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কতৃপক্ষ। সভায় প্রধানমন্ত্রী বলেন, দক্ষিণাঞ্চলে আরো একটি পারমানবিক বিদ্যুৎকেন্দ্র হবে। একনেক সভায় **১১** হাজার ৪৬৭ কোটি টাকা ব্যয় সংবলিত **১০**টি প্রকল্প অনুমোদন দেয়া হয়। সূত্র **: সমকাল** (পৃ.২,ক.৬), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৭), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬)।

**৩। অপরাধ করে কেউ পার পাবে না : সংবাদসম্মেলনে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, অপরাধী অপরাধীই। অপরাধ করে কেউ পার পাবে না, সবাইকে ধরা হবে। কখন কাকে ধরা হবে, তা সময়ই বলে দেবে। আর জীবনের ভয় বলে কোনো কথা আমার ডিকশনারিতে নেই। ভয় থাকলে এমন অভিযানে নামতাম না। আর আমি যখন নেমেছি, তখন কে কী করে, পরিবারের কেউ কি না, কোন দলের সেটি আমার কাছে বিবেচ্য বিষয় না। চলমান দুর্নীতিবিরোধী অভিযানকে আইওয়াশ বলে বিএনপির অভিযোগ সরাসরি নাকচ করে দেন তিনি। গতকাল (২৯ অক্টোবর মঙ্গলবার) গণভবনে সংবাদসম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। গত ২৫ ও ২৬ অক্টোবর আজারবাইজানে অনুষ্ঠিত **১৮**তম ন্যাম শীর্ষ সম্মেলনে তাঁর অংশগ্রহণ এবং অর্জিত সাফল্যগুলো তুলে ধরতে এ সংবাদসম্মেলনের আয়োজন করা হয়। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **সংবাদ** ( পৃ.১,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)।

**৪। ম্যাচ ফিক্সিংয়ের প্রস্তাবের তথ্য গোপন করায় সাকিবকে দুই বছর নিষিদ্ধ করল আইসিসি :**
**২০২০ সালের ২৯ অক্টোবর থেকে খেলতে পারবেন সাকিব**

বাংলাদেশের টেস্ট ও টি-২০ দলের অধিনায়ক সাকিব আল হাসানকে দুই বছরের জন্য সব ধরনের ক্রিকেট থেকে নিষিদ্ধ করেছে ইন্টারন্যাশনাল ক্রিকেট কাউন্সিল (আইসিসি)। ম্যাচ ফিক্সিংয়ের প্রস্তাব প্রত্যাখ্যান করার তথ্য আইসিসিকে না জানানোয় তাঁর বিরুদ্ধে শাস্তি গ্রহণ করা হয় বলে জানানো হয়েছে। দুই বছরের শাস্তির মধ্যে এক বছরের নিষেধাজ্ঞা স্থগিত করা হয়েছে। আইসিসির এন্টিকরাপশন অ্যান্ড সিকিউরিটি ইউনিটের আনা তিনটি অভিযোগ স্বীকার করে নেয়ায় সাকিবের ওপর এ দণ্ড এবং একইসাথে এক বছরের দণ্ড মওকুফ করেছে বিশ্ব ক্রিকেটের নিয়ন্ত্রণকারী সংস্থা। আইসিসির অফিসিয়াল ওয়েবসাইটে গতকাল (২৯ অক্টোবর মঙ্গলবার) সাকিবের ওপর আরোপিত শাস্তির ঘোষণা দেয়া হয়। আইসিসি জানিয়েছে, ২০২০ সালে ২৯ অক্টোবরের পর থেকে সাকিব আন্তর্জাতিক ক্রিকেটে ফিরতে পারবেন। সূত্র **: সংবাদ (**পৃ.১,ক.২**), ইত্তেফাক** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**৫। সাকিবকে সব সহযোগিতা দেয়া হবে : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বিশ্ব ক্রিকেটে সাকিবের একটা অবস্থান আছে। একটা ভুল সে করেছে এবং সেটা সে বুঝতেও পেরেছে। বিসিবি সাকিবের পাশে আছে এবং তাঁকে সব রকমের সহযোগিতা দেয়া হবে। গতকাল (২৯ অক্টোবর মঙ্গলবার) প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে আয়োজিত এক সংবাদসম্মেলনে সাকিবের বিরুদ্ধে আইসিসি'র দণ্ড ঘোষণার কয়েক ঘন্টা আগে এক সাংবাদিকের প্রশ্নের জবাবে তিনি সাকিব সম্পর্কে এসব কথা বলেন। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.৫), **যুগান্তর** (পৃ.১,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮)।

৬। **প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ইতালি সফরে প্রধানমন্ত্রী কন্টের আমন্ত্রণ**

ইতালির প্রধানমন্ত্রী জিউসেপ কন্টে বাংলাদেশ ও ইতালির মধ্যে দ্বিপাক্ষিক বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরও জোরদার করতে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ইতালি সফরে আনুষ্ঠানিকভাবে আমন্ত্রণ জানিয়েছেন। গতকাল (২৯ অক্টোবর মঙ্গলবার) পররাষ্ট্রমন্ত্রী ড. একে আব্দুল মোমেনের সঙ্গে ইতালির বৈদেশিক সম্পর্ক বিষয়ক আন্ডার সেক্রেটারি ম্যানলিও দে স্টেফানোর সাক্ষাতে এ আমন্ত্রণের কথা আনুষ্ঠানিকভাবে জানানো হয়। আজ (৩০ অক্টোবর বুধবার) ঢাকায় পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়। সূত্র **: ইত্তেফাক** (পৃ.২,ক.৮)**, সংবাদ** (শেষ পৃ,ক.১)**, ডেইলি সান** (পৃ.১,ক.৫)।

৭। **ভিয়েতনামের রাষ্ট্রদূতের বিদায়ী সাক্ষাৎ : রোহিঙ্গা ফেরাতে সহযোগিতা চাইলেন স্পিকার**

অ্যাসোসিয়েশন অভ্ সাউথ-ইস্ট এশিয়ান ন্যাশনসের (আসিয়ান) আসন্ন সম্মেলনে রোহিঙ্গাদের নিরাপদ প্রত্যাবাসন ইস্যুতে ভিয়েতনামকে বাংলাদেশের পাশে থেকে সহযোগিতার আহ্বান জানিয়েছেন স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। গতকাল (২৯ অক্টোবর মঙ্গলবার) স্পিকারের কার্যালয়ে ঢাকায় নিযুক্ত ভিয়েতনামের রাষ্ট্রদূত ট্রান ভ্যান খোয়া বিদায়ী সাক্ষাতে গেলে তিনি এ আহ্বান জানান। এ সময় তাঁরা বাংলাদেশ ও ভিয়েতনামের মধ্যে বিদ্যমান দ্বিপক্ষীয় সম্পর্ক, সংসদীয় মৈত্রী গ্রুপ, ব্যবসা-বাণিজ্য, রোহিঙ্গা ইস্যু, টেকসই উন্নয়ন এবং বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়ন নিয়ে আলোচনা করেন । সূত্র **: সমকাল** (পৃ.১৯,ক.৫)।

৮। **রোহিঙ্গা সংকট নিরসনে মিয়ানমারের ওপর জোরালো চাপ সৃষ্টির আহ্বান পররাষ্ট্রমন্ত্রীর**

রোহিঙ্গা সংকট নিরসনে মিয়ানমারের ওপর জোরালো চাপ সৃষ্টি করার জন্য জাতিসংঘসহ আন্তর্জাতিক সম্প্রাদায়ের প্রতি আহ্বান জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। গত ২৮ অক্টোবর সোমবার ইতালির রোমে জাতিসংঘের বিশ্ব স্বাস্থ্য সংস্থার নির্বাহী পরিচালক ড্যাভিড বিয়াসলি এবং সংস্থার নির্বাহী বোর্ড প্রেসিডেন্ট রাষ্ট্রদূত হিসাম মোহামেদের সঙ্গে বৈঠকে এ আহ্বান জানান। গতকাল (২৯ অক্টোবর মঙ্গলবার) পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সূত্র **: সংবাদ** (পৃ.২,ক.৭)**, যুগান্তর** (পৃ.১৫,ক.২)**, ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৭)।

৯। **রোহিঙ্গাদের পুনর্বাসনে প্রস্তুত ভাসানচর : প্রতিরক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভায় তথ্য প্রকাশ**

বলপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমারের (রোহিঙ্গা) নাগরিকদের পুনর্বাসনের জন্য নোয়াখালী জেলার হাতিয়া উপজেলার চরঈশ্বর ইউনিয়নের ভাসানচরে নির্মিতব্য আবাসন প্রকল্পের কাজ শেষ হয়েছে। সেখানে **১** লাখ রোহিঙ্গার আবাসন এবং দ্বীপের নিরাপত্তার জন্য প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণের ব্যবস্থা করা হয়েছে। গতকাল (২৯ অক্টোবর মঙ্গলবার) জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত প্রতিরক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির এক বৈঠকে এসব তথ্য জানানো হয়। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.৫), **যুগান্তর** (পৃ.৩,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.২)।

১০। **ডিজিটাল বাংলাদেশ নির্মাণে ভূমিকা রাখছে বেতার : রেডিও এশিয়া সম্মেলন উদ্বোধনে তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, সামাজিক, মানবিক ও পারিবারিক মূল্যবোধ রক্ষায় বেতারের গুরুত্ব অপরিসীম। বর্তমান সরকার দারিদ্র্য ও দুর্নীতিমুক্ত ডিজিটাল বাংলাদেশ নির্মাণে কাজ করে যাচ্ছে। এক্ষেত্রেও বাংলাদেশ বেতার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছে। গতকাল (২৯ অক্টোবর মঙ্গলবার) রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে তিন দিনব্যাপী 'এবিইউ রেডিও এশিয়া কনফারেন্স অ্যান্ড রেডিও সং ফেস্টিভ্যাল' উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। তথ্য সচিব আবদুল মালেকের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন তথ্য প্রতিমন্ত্রী ডা. মুরাদ হাসান ও এবিইউর সেক্রেটারি জেনারেল জাভেদ মোত্তাগি। বাংলাদেশে এই প্রথমবারের মতো এমন একটি সম্মেলন হচ্ছে। সম্মেলনের প্রতিপাদ্য 'রেডিও অল অ্যারাউন্ড আস : মোর দ্যান জাস্ট অ্যা মিডিয়াম'। সূত্র **: সমকাল** (পৃ.৩,ক.১)**, ইত্তেফাক** (পৃ.২,ক.৬)**, নিউ নেশন** (পৃ.৩,ক.৫)**, এশিয়ান এজ** (পৃ.২,ক.৫)।

১১। **সর্বোচ্চ ফল জিপিএ ৪ আগামী বছর থেকে : শিক্ষামন্ত্রী**
**জেএসসি পরীক্ষা শুরু আগামী শনিবার**

চলতি বছরের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা আগামী শনিবার থেকে সারাদেশে একযোগে শুরু হতে যাচ্ছে। চলবে **১১** নভেম্বর পর্যন্ত। প্রশ্নফাঁস রোধে গত **২৫** অক্টোবর থেকে আগামী **১৫** নভেম্বর পর্যন্ত ২২ দিন দেশের সব কোচিং সেন্টার বন্ধ রাখার নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি গতকাল (২৯ অক্টোবর মঙ্গলবার) তাঁর মন্ত্রণালয়ে সংবাদসম্মেলনে জানান, আগামী বছর থেকে জেএসসি ও জেডিসি পরীক্ষার ফলাফলের সর্বোচ্চ সূচক জিপিএ ৫-এর পরিবর্তে জিপিএ ৪ হবে। এ লক্ষ্যে কাজ করছে শিক্ষা মন্ত্রণালয়। এ বছরের পরীক্ষা দুটির সর্বোচ্চ ফল আগের মতোই জিপিএ ৫ থাকছে। সূত্র **: সমকাল** (পৃ.১৯,ক.১)**, সংবাদ** (পৃ.১,ক.৭), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২)।

**১২। গ্রামে চিকিৎসা দেয়ার মানসিকতা থাকতে হবে : চিকিৎসকদের প্রতি স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী জাহিদ মালেক বলেছেন, সরকার প্রতিবছর বহুসংখ্যক ডাক্তার নিয়োগ করে যেন শহরের পাশাপাশি গ্রামেরও চিকিৎসাসেবা সহজলভ্য হতে পারে। এবারও সাড়ে চার হাজার ডাক্তার নিয়োগ দেয়া হচ্ছে। ডাক্তারের জন্য জিপ গাড়িসহ সব ধরণের সুবিধা দেয়া হচ্ছে। এখন তাদের গ্রামে থেকে চিকিৎসা দেয়ার মানসিকতা অবশ্যই তৈরি করতে হবে। গতকাল (২৯ অক্টোবর মঙ্গলবার) স্বাস্থ্য অধিদফতরে চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন অপারেশন প্ল্যান হতে সরকারি মেডিকেল কলেজের অধ্যক্ষদের জন্য গাড়ি, হসপিটাল ম্যানেজমেন্ট অপারেশন প্ল্যান থেকে বিশেষায়িত হাসপাতালে অ্যাডভান্স কার্ডিয়াক অ্যাম্বুলেন্স এবং পরিবার পরিকল্পনা অধিদফতরের মা ও শিশু কল্যাণ কেন্দ্রের জন্য অ্যাম্বুলেন্স বিতরণ অনুষ্ঠানে বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : **যুগান্তর** (পৃ.২,ক.৫)।

**১৩ । টেলিযোগাযোগ মন্ত্রীর সঙ্গে রাশিয়ার প্রতিনিধিদলের সাক্ষাৎ :**
**বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ উৎক্ষেপণে সহযোগিতা করতে চায় মস্কো**

বাংলাদেশের দ্বিতীয় স্যাটেলাইট উৎক্ষেপণে রাশিয়া সহযোগিতা করতে চায়। দেশটির স্যাটেলাইট প্রযুক্তি প্রতিষ্ঠান গ্লাভকসমসের মাধ্যমে দ্বিতীয় স্যাটেলাইট তৈরির জন্য রাশিয়ার রাষ্ট্রদূত আলেকজেন্ডার আই ইগনাতভ প্রস্তাব দিয়েছেন। গতকাল (২৯ অক্টোবর মঙ্গলবার) তাঁর নেতৃত্বে পাঁচ সদস্যের একটি প্রতিনিধিদল সচিবালয়ে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী মোস্তাফা জব্বারের সঙ্গে সাক্ষাতে এ আগ্রহের কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.৩,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৪,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৪), **অবজারভার বিজনেস পাতা** (পৃ.১৩,ক.৫)।

**১৪। ১০ নভেম্বর পবিত্র ঈদে মিলাদুন্নবি**

বাংলাদেশের আকাশে গতকাল ১৪৪১ হিজরি সনের পবিত্র রবিউল আউয়াল মাসের চাঁদ দেখা গিয়েছে। আজ (৩০ অক্টোবর বুধবার) থেকে পবিত্র রবিউল আউয়াল মাস গণনা শুরু হবে। সে হিসাবে আগামী ১০ নভেম্বর, রোববার (১২ রবিউল আউয়াল) পবিত্র ঈদে মিলাদুন্নবি (স.) উদযাপিত হবে। গতকাল (২৯ অক্টোবর মঙ্গলবার) ইসলামিক ফাউন্ডেশন বায়তুল মোকাররম মসজিদের সভাকক্ষে জাতীয় চাঁদ দেখা কমিটির সভাসূত্রে চাঁদ দেখার কথা জানা গেছে। জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় সভাপতিত্ব করছেন ধর্ম প্রতিমন্ত্রী শেখ মো. আবদুল্লাহ। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** স্বাস্থ্য অধিদপ্তরের ২০১৯ সালের তথ্যানুযায়ী দেশের প্রত্যন্ত অঞ্চলে বর্তমানে অনুমোদিত পদের বিপরীতে প্রায় ২০ দশমিক ৪ শতাংশ পদ খালি পড়ে রয়েছে উল্লেখ করে শূন্য পদ পূরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ।

খ. **সমকাল :** ঢাকা- সিলেট মহাসড়ক প্রশস্তকরণ প্রক্রিয়া ঘিরে মহাসড়কের আশেপাশের লোকজন বেশি ক্ষতিপূরণ লাভের আশায় যতযত্র গড়ে তুলছে অবৈধ স্থাপনা উল্লেখ করে এ অসুস্থ প্রতিযোগিতা বন্ধে যথাযথ পদক্ষেপ নেয়ার দাবি।

গ. **ইনকিলাব :** বিশ্ব খাদ্য সংস্থার এক সমীক্ষায় গত চার দশকে বাংলাদেশে ধানের উৎপাদন বেড়ে তিনগুণ, গম দ্বিগুণ, সবজি ৫ গুণ এবং ভুট্টার উৎপাদন বেড়েছে ১০ গুণ এ তথ্য প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে কৃষিখাতে এ সাফল্য অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ।

ঘ. **বণিক বার্তা :** বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধির জের ধরে বাংলাদেশে বন্যা, বজ্রপাত, নদীভাঙনসহ জলবায়ু প্রভাবজনিত দুর্যোগের পরিমাণ বাড়ছে উল্লেখ করে জলবায়ু পরিবর্তন মোকাবিলায় সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

ঙ. **সংবাদ :** দুটি প্রকল্পের আওতায় ৪৩৭টি উপজেলার শিক্ষা উপবৃত্তি বিতরণ বন্ধ রয়েছে উল্লেখ করে শিক্ষার্থীদের ঝরেপড়া রোধে সেসব উপজেলায় জরুরিভিত্তিতে তা চালু করার ওপর গুরুত্বারোপ।

চ. **ইনডিপেনডেন্ট :** বাল্যবিয়ে রোধে সংশ্লিষ্টদের দায়িত্ব পালনের আহ্বান।

ছ. **ঢাকা ট্রিবিউন :** রোহিঙ্গা প্রত্যাবাসন দ্রুত শুরু করতে কূটনৈতিক প্রচেষ্টা জোরদার করার পরামর্শ।

**উপসম্পদকীয়**

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, ন্যায্যমূল্য নিশ্চিত করা গেলে প্রয়োজনীয় পেঁয়াজ দেশেই উৎপাদন করা সম্ভব।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'শিশু নির্যাতন রোধ করতে হবে'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, শিশুর প্রতি সহিংসতা ও শিশু হত্যার মতো ঘটনা জঘন্য ও অমানবিক-এ থেকে উত্তরণ জরুরি।

#

ডালিয়া/সেলিনা/সাঈদা/রশীদ/২০১৯/৯.০০ঘন্টা